দৈনিক বাংলা

তারিখ ... 5.5.83 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মঞ্জুরির প্রথম কিস্তির চেক হস্তান্তর

গত রোববার শিক্ষা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতরের মহা-পরিচালক বিগ্রেডিয়ার এ কে এম শামসুল ইসলাম দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের আবর্তক মঞ্জুরির প্রথম কিস্তির ২ কোটি ৪৫ লাখ ৫৮ হাজার ৮৪২ টাকার চেক অনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

পৃথকভাবে তিনটি চেক গ্রহণ করেন জনতা ব্যাংকের পক্ষে জেনারেল ম্যানেজার জনাব এস ও শাকুর সোনালী ব্যাংকের পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব এম এল আর খান এবং অগ্রণী ব্যাংকের পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব আতিকুল ইসলাম ভূঁইয়া।

এই আবর্তক মঞ্জুরির টাকা তিনটি ব্যাংক দেশের ১০০২৭টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে বিলি বন্টন করবেন। এর মধ্যে রয়েছে ৪৬৫টি কলেজ ৮০৬৬টি হাইস্কুল এবং ১৭২৮টি মাদ্রাসা।

চলতি কিস্তির টাকা আগামী ১৫ই জুনের মধ্যে বন্টনের কাজ শেষ করার জন্য ব্যাংকগুলোকে নির্দেশ দেয়া হয়েছে। দ্বিতীয় ও শেষ কিস্তির আবর্তক মঞ্জুরির চেক মে মাসের মাঝামাঝি দেয়া হবে।

উল্লেখযোগ্য যে গত বছর যেসব শিক্ষা প্রতিষ্ঠান আবর্তক মঞ্জুরি পেয়েছে কেবল সেসব প্রতিষ্ঠান চলতি আর্থিক বছরে আবর্তক মঞ্জুরির শতকরা ৫০ ভাগ অর্থ ব্যাংকের মাধ্যমে পাবে।

009